

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত চতুর্থ প্রান্তিকের সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	জনাব মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ	:	০১ জুলাই, ২০২১
সময়	:	বেলা ১১:৩০ টা
স্থান	:	অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোল্লা মিজানুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ বিভাগের জিআরএস সিস্টেমে প্রাপ্ত অভিযোগের সংখ্যা খুব বেশি নয়। তাছাড়া, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিবেদন থেকেও দেখা যায় যে, প্রাপ্ত অভিযোগের সংখ্যা খুব কম। সভাপতি দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন গণশুনানি এবং অন্য যে কোনো স্টেকহোল্ডার সভায় অন-লাইন অভিযোগ দাখিলের বিষয়ে জনগণকে জানানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় জ্বালানি সংক্রান্ত যে কোনো অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করা, অনিক ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদ রাখা এবং অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোনো প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে তা এ বিভাগকে জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় আরো আলোচনা হয় যে, এ বিভাগ থেকে কয়েকটি অভিযোগ বিপিসি এবং পেট্রোবাংলায় প্রেরণ করা হলেও নিষ্পত্তির কোন তথ্য পাওয়া যায়নি। ফলে, অভিযোগগুলো অনিষ্পন্ন রয়ে গিয়েছে। অবিলম্বে নিষ্পত্তি করে প্রতিবেদন প্রেরণ করা না হলে জবাবদিহির মুখোমুখি হতে হবে।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকালা পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপীল কর্মকর্তা সচেতন থাকবে;

(খ) এ বিভাগ থেকে প্রেরিত অভিযোগ অবিলম্বে নিষ্পত্তি করে প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(গ) দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত যে কোনো গণশুনানি ও স্টেকহোল্ডার সভায় অন-লাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে জনগণকে জানাতে হবে; এবং

(ঘ) দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোন প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে এ বিভাগকে অবহিত করতে হবে।

৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-  
০১/০৭/২০২১  
(মোঃ আজিজুল ইসলাম)  
অতিরিক্ত সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ